



বরিশাল বিশ্ববিদ্যালয়
কর্ণকাঠী, বরিশাল-৮২৫৪

স্মারক নং- বিইউ/রেজি/একা./ভর্তি পরীক্ষা/২০২০/২১/৪৯২/২৬৩৭

তারিখ: ০২ অগ্রহায়ন ১৪২৮ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) শ্রেণিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নের নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন আহ্বান করা হলো।

- ১। আবেদনকারীকে GST গুচ্ছভুক্ত ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষায় ফলাফলপ্রাপ্ত হতে হবে।
- ২। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট: <http://admission.bu.ac.bd> -এ প্রবেশপূর্বক প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী অনলাইনে আবেদন করতে হবে।
- ৩। ভর্তির আবেদনের সময়সীমা ১৯/১১/২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে ৩০/১১/২০২১ তারিখ রাত ১১:৫৯ ঘটিক পর্যন্ত।
- ৪। ভর্তি ফি ও ইউনিটের অধীন অনুষদসমূহ:

GST ভর্তি পরীক্ষার ইউনিট	বরিশাল বিশ্ববিদ্যালয়ের যে ইউনিটে আবেদন করতে পারবে	আবেদনের ফি
ইউনিট-A (বিজ্ঞান শাখা)	'A' ইউনিট (বিজ্ঞান ও প্রকৌশল এবং জীববিজ্ঞানঅনুষদ)	৫০০/-
ইউনিট-B (মানবিক শাখা)	'B' ইউনিট (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞানএবংআইনঅনুষদ)	৫০০/-
ইউনিট-C (বাণিজ্য শাখা)	'C' ইউনিট (বিজনেস স্টাডিজঅনুষদ)	৫০০/-

GST ভর্তি পরীক্ষায় A, B ও C ইউনিটের শিক্ষার্থীরা স্বীয় ইউনিট ছাড়াও 'শাখা পরিবর্তন' এর সুযোগ পাবে।

- ৫। শাখা পরিবর্তনের সুযোগসহ 'A' ইউনিটের আসন সংখ্যা ৭২৬, 'B' ইউনিটের আসন সংখ্যা ৩৯৮ এবং 'C' ইউনিটের আসন সংখ্যা ৩১৬।
- ৬। A, B, ও C ইউনিটের মোট আসনের (১৪৪০) অতিরিক্ত ৫% হিসেবে মোট ৭২টি আসন বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।
- ৭। বিভিন্ন বিভাগে ভর্তির বিস্তারিত যোগ্যতা ও শর্তাবলি, শাখা পরিবর্তন বিষয়ক জ্ঞাতব্যসমূহ এবং ভর্তি সংক্রান্ত অন্য সকল প্রয়োজনীয় তথ্য ভর্তি ওয়েবসাইটে (<http://admission.bu.ac.bd>) প্রদত্ত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

স্বা/-
(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ও
সদস্য-সচিব, ভর্তি কমিটি